

তারিখঃ ০২-০২-২০২০ (পৃঃ ১৩)

পররাষ্ট্র সচিবের ত্রি পরিদর্শন

কৃষি ও সম্ভাবনা ডেস্ক

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মাসুদ বিন মোমেন বলেছেন, বাংলাদেশে ধান উৎপাদনে সফলতার গল্প সারা বিশ্বে ছড়িয়ে দেয়ার প্রয়োজন। গত শনিবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) পরিদর্শনে গিয়ে তিনি তার এ অভিমত ব্যক্ত করেন। এ উপলক্ষে ত্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক ও কিমসটেক উইংয়ের মহাপরিচালক এবং অতিরিক্ত সচিব মো. সামছুল হক, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মো. বজ্জিয়ার। ত্রির পরিচালক (গবেষণা) ড. তমাল লতা আদিত্য এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. কৃষ্ণপদ হালদার এবং বিভিন্ন গবেষণা বিভাগের প্রধানরা সহ পদস্থ কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সঞ্চালনা করেন ত্রির



উর্ধ্বতন যোগাযোগ কর্মকর্তা এম আব্দুল মোমিন। পররাষ্ট্র সচিব পরে তার সফরসঙ্গীদের নিয়ে ত্রির নেটহাউসসহ কয়েকটি গবেষণাগার ঘুরে দেখেন এবং একটি উপস্থাপনার মাধ্যমে ত্রির ১০০টি উচ্চ ফলনশীল ধানের জাতসহ অন্যান্য প্রযুক্তি যা এ দেশকে চাল উৎপাদনে উদ্বৃত্ত অবস্থানে নিয়ে গেছে সে সম্পর্কে অবগত হয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, ঢাকাভিত্তিক স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রদের এখানকার গবেষণা ও সফলতার তথ্যাদি সম্পর্কে সম্যক ধারণা নেয়া প্রয়োজন।